# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
## BANGLADESH OPEN UNIVERSITY

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

### সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
০৪ বছর মেয়াদি বিএ (অনার্স) এবং বিএসএস (অনার্স) প্রোগ্রাম

## ভর্তি বিজ্ঞপ্তি; শিক্ষাবর্ষ ঃ ২০২১-২০২২

**প্রাথমিক তথ্য/সূচনা তথ্য ঃ**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল-এর অধীন ৪ বছর মেয়াদি বিএ (অনার্স): বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ এবং বিএসএস (অনার্স): রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়সমূহে ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে শিক্ষার্থীদের ১২টি টিউটোরিয়াল ক্লাস শুক্রবার সরাসরি অনুষ্ঠিত হবে এবং ১২টি টিউটোরিয়াল ক্লাস শনিবার অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রাকৃতিক দুর্যোগ ও মহামারির সময় সকল টিউটোরিয়াল ক্লাস অনলাইনে গ্রহণ করা হবে। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবেন।

**বৈশিষ্ট্যঃ**

- চার বছরে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স= ৩ ক্রেডিট) রেজিস্ট্রেশনের মেয়াদ ৮ (আট) বছর পর্যন্ত বহাল থাকবে।
- প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদি ২টি সেমিস্টারে বিভক্ত। প্রতি সেমিস্টারে ৫টি কোর্স রেজিস্ট্রেশন করতে হবে। প্রতি সেমিস্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতাঃ**

ক) মানবিক শাখা : বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন ও ইসলামিক স্টাডিজ বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৫০ (৫ এর মানে)/জিপিএ ২.০০ (৪ এর মানে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

খ) সামাজিক বিজ্ঞান শাখা : রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৭৫ (৫ এর মানে)/জিপিএ ২.২ (৪ এর মানে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবেন।

## ভর্তি পরীক্ষা ও ভর্তি পদ্ধতি সংক্রান্ত তথ্যাবলি ঃ

### ভর্তি তথ্য:

- অনলাইনে আবেদনের সময় ঃ ১১ এপ্রিল(সোমবার), ২০২২ থেকে ১৫ জুলাই (শুক্রবার), ২০২২ তারিখ পর্যন্ত।
- লিখিত পরীক্ষার জন্য মনোনীত তালিকা প্রকাশঃ ২৮ জুলাই, ২০২২ তারিখ (বৃহস্পতিবার) [www.bou.ac.bd]
- লিখিত পরীক্ষার আসন বিন্যাস ঃ ২৩ আগস্ট, ২০২২ তারিখ (মঙ্গলবার) [www.bou.ac.bd] ।
- লিখিত পরীক্ষার তারিখ, সময় ঃ ২৬ আগষ্ট (শুক্রবার), ২০২২ তারিখ বেলা ১০.০০ টা থেকে ১১:০০ টা।
- লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশঃ ৩১ আগস্ট (বুধবার), ২০২২ তারিখ [www.bou.ac.bd]।
- সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান ঃ ১৫/০৯/২০২২, ১৮/০৯/২০২২ ও ১৯/০৯/২০২২, তারিখ বেলা ০৯.০০ টায় ডিন, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর ক্যাম্পাসে স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হবে।
- বিষয় ভিত্তিক মেধা তালিকা প্রকাশ ঃ ২৬ সেপ্টেম্বর(সোমবার), ২০২২ তারিখ |[www.bou.ac.bd]|
- ভর্তি ঃ ২৯ সেপ্টেম্বর (বৃহস্পতিবার), ২০২২ থেকে ৩১ অক্টোবর, ২০২২ পর্যন্ত।
- মোট ভর্তি ফিঃ ৭৩১০/- (সাত হাজার তিনশত দশ টাকা মাত্র )। আনুষাঙ্গিক ও ব্যাংক চার্জ আবেদনকারী বহন করবেন।

### ভর্তি পরীক্ষা পদ্ধতি ঃ

বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা- ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।
প্রতি বিষয়ের আসন সংখ্যা ৬০।

### ভর্তি পদ্ধতি ঃ

মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ পরবর্তী নির্দেশ ও নিয়ম অনুযায়ী ভর্তি হবে।
কোর্স ফি ঃ প্রতি কোর্স ১০৫০/- (একহাজার পঞ্চাশ) টাকা।
রেজিস্ট্রেশন ফি ঃ প্রতি সেমিস্টার ২০০/- (দুইশত) টাকা।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## অন লাইন-এ আবেদন প্রক্রিয়া

যে কোন ব্রাউজারের **Address bar**-এ https://osapsnew.bou.ac.bd টাইপ করে ব্রাউজ করুন। **Offered Programs** সেকশন এর অধীনে **School of Social Sciences, Humanities & Language (SSHL)**-এ ক্লিক করে **Bachelor of Arts (Honours) & Bachelor of Social Science (Honours)** প্রোগ্রামের পাশে প্রদর্শিত **Apply Now** বাটনে ক্লিক করুন। **BA/BSS(Honours)** প্রোগ্রামে ভর্তি নির্দেশাবলী গুরুত্ব সহকারে পড়ে পুনরায় **Apply Now** বাটনে ক্লিক করুন। অনলাইন-এ আবেদন ফরমটির **General Information** ধাপ যথাযথভাবে পূরণ করে **Next** বাটনে ক্লিক করুন। **Personal Information** ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো **(300 × 300 JPG Format)** এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর **(300 × 100 JPG Format)** আপলোড করে **Next** বাটন ক্লিক করুন।**Academic Information** ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) **Professional Information** ধাপে সঠিকভাবে পূরণ করে **Finish** বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে **SMS** এবং ইমেইলে **Temporary User ID I Password** প্রেরণ করা হবে। **Proceed to Payment** বাটনে ক্লিক করার পর প্রদর্শিত **Online Payment Gateway** সমূহ থেকে যেকোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফল ভাবে ফি জমা দান শেষে **"Payment has been completed successfully!"** মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইলের মাধ্যমে অবহিত করা হবে। **BA/BSS(Honours)** প্রোগ্রামে ভর্তির আবেদন ফি ৫০০ /- (পাঁচশত) টাকা | তবে এক্ষেত্রে প্রযোজ্য অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন। অনলাইন ভর্তি সংক্রান্ত আপনার যেকোনো পরামর্শ/অভিযোগের জন্য **OSAPS**-এর হেল্পলাইন নম্বরে অথবা ইমেইল (help.osaps@bou.ac.bd) এ অবহিত করুন। **OSAPS**-এর হেল্পলাইন নম্বর: ০১৬৩৫-৮৩২৮৪৫, ০১৯০৭-৪৫১৬১২ (সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত, রবিবার থেকে শুক্রবার)।

প্রয়োজনে কোনো সমস্যা হলে ০৩(তিন) কার্য দিবসের মধ্যে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবিতে যোগাযোগ করতে হবে। **Temporary User ID** ও **Password** ব্যবহার করে প্রদর্শিত আবেদন পত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ১১ এপ্রিল (সোমবার),২০২২থেকে ১৫ জুলাই(শুক্রবার), ২০২২ তারিখের মদ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (৪/ক, গভঃ ল্যাবরেটরি রোড, ধানমন্ডি ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে জমা দিতে হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র নির্বাচিতরাই লিখিত পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে।

(ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।

**Helpline: Available Time: 9:00 am to 1:00 pm; 01635832845, 01907451614**
**Available Time: 2:00 pm to 6:00 pm; 01635832846, 01907451612**

(অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম)
সভাপতি, ভর্তি কমিটি ও ডিন
সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।